গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪৫.০১৬.১০.১১.০১১.২০১৮-৬১৮

তারিখঃ ৭/৮/২০১৯খ্রি

বিষয় ঃ পবিত্র উদ উল আযহা, ২০১৯ এ পরিবেশ দূষণ মোকাবেলা ও জনস্বাস্থ্য সুরক্ষায় নির্ধারিত স্থানে পশু কোরবানি নিশ্চিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৯২.০১৮.০০.০০.০০৮ (অংশ-১) ২০১৬-৬৬১, তাং ১৮/০৭/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত/সংযুক্ত পত্রের বর্ণনামতে উপজেলা পর্যায়ে আসন্ন পবিত্র উদ উল আযহা, ২০১৯ এ পরিবেশ দূষণ মোকাবেলা ও জনস্বাস্থ্য সুরক্ষায় নির্ধারিত স্থানে পশু কোরবানি নিশ্চিতকরণে গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ) কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকরতঃ ও এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ বর্ণনামতে

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

বিতরণঃ কার্যার্থে-

১. চেয়ারম্যান (সকল), ...উপজেলা পরিষদ
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)......................উপজেলা
৩. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), ...উপজেলা।

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

১. বিভাগীয় কমিশনার,.......................বিভাগ (সকল)।
২. জেলা প্রশাসক,...................... (সকল)
৩. উপ-সচিব (সিটি কর্পোরেশন-১), স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.sylhet.gov.bd

স্মারক নং: ০৫.৪৬.৯১৩১.০০০.৪৩.০০১.১৭. ৯৮৯

তারিখ: ০৮ আগস্ট ২০১৯

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।

১। সহকারী কমিশনার (ভূমি), দক্ষিণ সুরমা, সিলেট।
২। অফিসার ইনচার্জ, দক্ষিণ সুরমা/মোগলাবাজার থানা, এস.এম.পি, সিলেট।
৩। চেয়ারম্যান/প্রশাসক..ইউনিয়ন পরিষদ (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

অনুলিপি: সদয় অবগতির জন্য।
১। জেলা প্রশাসক, সিলেট।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৩। অফিস কপি।

(মিন্টু চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০৮২১-৬৭৮২০০
unosouthshurma@mopa.gov.bd

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৫১.১৭-৯৬৩

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬ / ০৪ আগস্ট ২০১৯

বিষয়: পবিত্র ঈদ উল আযহা, ২০১৯ উপলক্ষে পরিবেশ দূষণ মোকাবেলা ও জনস্বাস্থ্য সুরক্ষায় নির্ধারিত স্থানে পশু কোরবানি নিশ্চিতকরণের জন্য কর্মপরিকল্পনা প্রেরণ।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০৯২.০১৮.০০.০০.০০৮(অংশ-১).২০১৬-৬৬১, তারিখ: ১৮ জুলাই ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে পবিত্র ঈদ উল আযহা, ২০১৯ উপলক্ষে পরিবেশ দূষণ মোকাবেলা ও জনস্বাস্থ্য সুরক্ষায় নির্ধারিত স্থানে পশু কোরবানি নিশ্চিতকরণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট হতে প্রাপ্ত কর্মপরিকল্পনার আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে

মোঃ এমদাদুল হক চৌধুরী
উপসচিব
ফোন: ৯৫৭৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/ পানি সরবরাহ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (উপজেলা/ ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ... সিটি কর্পোরেশন (সকল)
৪। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/ নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ
৫। পরিচালক, স্থানীয় সরকার, ... বিভাগ (সকল)
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, ... জেলা (সকল)
৭। মেয়র, ... পৌরসভা (সকল)

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

১. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা [**দৃ. আ.** পরিচালক (গভর্নেন্স ইনোভেশন ইউনিট)]
২. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা .০৩.০৯২.০১৮.০০.০০.০০৮(অংশ-১).২০১৬-৬৬১ তারিখ ......১৮.জুলাই.২০১৯....

বিষয়ঃ পবিত্র ঈদ-উল-আযহা-২০১৯ এ পরিবেশ দূষণ মোকাবেলা ও জনস্বাস্থ্য সুরক্ষায় নির্ধারিত স্থানে পশু কোরবানি নিশ্চিতকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জি আই ইউ) ২০১৬ সাল হতে নির্ধারিত স্থানে পশু কোরবানি বিষয়ে জাতীয় ও মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এরই ধারাবাহিকতায় ২০১৯ সালের পবিত্র ঈদ-উল-আযহা পরবর্তি পরিবেশ দূষণ মোকাবেলা ও জনস্বাস্থ্য সুরক্ষায় নির্ধারিত স্থানে পশু কোরবানি নিশ্চিতকরণের লক্ষ্যে জিআইইউ কর্তৃক প্রস্তুতকৃত জাতীয় ও মাঠ পর্যায়ের কর্মপরিকল্পনাটি প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে-০৪ পাতা

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব ২) মহাপরিচালক ৩) যুগ্ম-সচিব ৪) যুগ্ম-প্রধান	১) প্রশাসন ২) উন্নয়ন ৩) নগর উন্নয়ন ৪) পাস ৫) আইন
ডায়েরি নম্বর ১৮/৭/১৯	স্বাক্ষর

১৮/৭/১৯

(ইসমাত মাহমুদা)
পরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
ফোন- ৮৮(০২) ৫৫০২৯৬১৭, ০১৭১৫৪২৫৭৪৩
ইমেইল- dirinnovationgiu@pmo.gov.bd
ismatmahmuda@gmail.com

বিতরণ: (সদয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার (সকল)
৭. জেলা প্রশাসক (সকল)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. প্রধানমন্ত্রীর মুখ্য সমন্বয়ক (এসডিজি)মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪. প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা মহোদয়ের সহকারী একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৮. মহাপরিচালক (জিআইইউ), এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

নম্বর......তারিখ......
১। যুগ্ম-সচিব-ন:উ:১/২
২। উপ-সচিব-/সি:স:স:-সি:ক:-১/২,পৌ-১/২
অতিরিক্ত সচিব (নগউঃ)

(ক) জেলা প্রশাসনকে ২০১৮ সালের নির্ধারিত স্থানে কোরবানির পশু জবাই কার্যক্রমের দুর্বলতা, ব্যর্থতা পর্যালোচনান্তে ২০১৯ সালের কোরবানি জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।

(খ) সকল পৌরসভা মেয়র, কাউন্সিলর, সুশীল সমাজ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া প্রতিনিধি এবং পৌরসভার কর্মকর্তা তথা অংশীজনের সভা দ্রুত আহবান করে পরামর্শ ও সুপারিশ গ্রহণ করতে হবে। পৌরসভার মাসিক সভা, স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা বিষয়ক স্থায়ী কমিটির সভা,ওয়ার্ড পর্যায়ে গঠিত কমিটির সভায় ২০১৯ সালের কোরবানি নির্ধারিত স্থানে নিশ্চিত করার জন্য নিয়মিত অগ্রগতি পর্যালোচনা যাতে হয় সে বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে।

২) কোরবানির স্থান নির্ধারণ ও কোরবানি প্রদানের উপযোগীকরণ সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ণঃ (জুলাই ২০, ২০১৯ হতে)

(ক) জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন ও পৌরসভার সহায়তায় ২০১৮ সালের কোরবানির পশুর সংখ্যার উপর ভিত্তি করে ২০১৯ সালে তার জেলায় কত পশু কোরবানি হতে পারে তা নির্ধারণ করে নিবে।

(খ) পূর্ববর্তী ১ অনুচ্ছেদে উল্লেখিত সভার সুপারিশ এবং বিগত বছরের অভিজ্ঞতার ভিত্তিতে সম্ভাব্য পশু সংখ্যার আলোকে কোরবানির উপযোগী স্থানসমূহ চিহ্নিতকরণ ও স্থান উপযোগীকরণের ব্যবস্থাসহ বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।

(গ) প্রতিটি নির্ধারিত স্থানের জন্য কার্যক্রম পরিচালনা কমিটি গঠন ও কমিটির করণীয় ঠিক করে দিতে হবে।

(ঘ) কর্ম পরিকল্পনার অগ্রগতি মনিটর করতে হবে।

৩) নির্ধারিত স্থানে পশু জবাইয়ের জন্য দায়িত্ব প্রাপ্তদের সক্ষমতা বৃদ্ধি করাঃ (জুলাই ২০ হতে জুলাই ৩০, ২০১৯)

(ক) নির্ধারিত স্থানের ব্যবস্থাপনা সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রস্তুতি পর্ব থেকেই জনপ্রতিনিধিদের এ কাজে সম্পৃক্ত করতে হবে। প্রতিটি নির্ধারিত স্থানে সুষ্ঠু কোরবানির জন্য কি কি ব্যবস্থা নেওয়া প্রয়োজন তা নির্ধারণ করে প্রতিটি কমিটিকে করণীয় ভালভাবে বুঝিয়ে দিতে হবে।

(খ) উপরন্তু স্থানসমূহকে দুর্যোগ ব্যবস্থাপনা মোকাবেলার উপযোগী এবং পানি, বিদ্যুৎ ও ড্রেনেজ ব্যবস্থা নিশ্চিত করে গড়ে তোলার লক্ষ্যে যে সকল ব্যবস্থা নেওয়া প্রয়োজন তা নির্ধারণপূর্বক সম্ভাব্য ব্যয় হিসাব করে তা বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে।

(৪) অর্থ সংস্থানঃ (জুলাই ২০ হতে জুলাই ৩০, ২০১৯)

সিটি কর্পোরেশন/ পৌরসভা স্থানীয় সরকার বিভাগের অনুমতি নিয়ে প্রয়োজনীয় অর্থসংস্থান করবে

(৫)ইমাম, মওলানা ও কসাইদের নির্ধারিত স্থানে কোরবানি প্রদান প্রক্রিয়ায় সম্পৃক্তকরণঃ

৪৪২

নির্ধারিত স্থানে পশু জবাই নিশ্চিতকরণে কার্যক্রম পরিচালনাঃ

ধর্মপ্রাণ মুসলিম জনগণ আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে প্রতি বছর ঈদ উল আযহায় পশু কোরবানি করে থাকেন। সৌদিআরব, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, সুদান প্রভৃতি মুসলিম দেশ সমুহে কোরবানি একটি নির্ধারিত স্থানে করা হলেও (যেমন মসজিদ, লাইসেন্স প্রাপ্ত ফার্ম বা জবাইখানা) বাংলাদেশে কোরবানিদাতা পশু জবাই প্রক্রিয়াটি তার সুবিধামত স্থানে করে থাকেন। যত্রতত্র পশু কোরবানির ফলে বিবিধ স্বাস্থ্য ও পরিবেশগত বিপত্তির সৃষ্টি হয়। এ প্রক্রিয়া নানাবিধ বায়ু ও পানিবাহিত রোগ ও দুর্গন্ধ ছাড়াও নানারূপ পোকামাকরের জন্ম দেয়। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী কোরবানি পরবর্তি পরিবেশ দূষণ মোকাবেলায় নির্ধারিত স্থানে কোরবানির পশু জবাই নিশ্চিতকরণকল্পে গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জি আই ইউ) ২০১৬ সাল হতে নির্ধারিত স্থানে পশু কোরবানির বিষয়ে জাতীয় ও মাঠ উভয় পর্যায়ে এ সঙ্ক্রান্ত কার্যক্রম পরিচালনা করা শুরু করে। জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সমূহের সাথে সমন্বয় এবং মাঠ পর্যায়ে সকল বিভাগ, সিটি কর্পোরেশন, জেলা-উপজেলা প্রশাসন ও পৌরসভার কার্যক্রম তদারকিত মাধ্যমে এই বিষয়ে কর্মকান্ড পরিচালনা করা হয়।

জাতীয় পর্যায়ে গৃহীতব্য কার্যক্রম ও সময়সূচি

- স্থানীয় সরকার বিভাগ সকল সিটি কর্পোরেশন মেয়রগণকে নিয়ে কার্যক্রম সফল করার লক্ষ্যে একটি সভা করবে (১০ জুলাই- ১৫ , ২০১৯) । এই সভার পর স্থানীয় সরকার বিভাগ সকল সিটি কর্পোরেশন, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা পরিষদ/ পৌরসভা চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ উপজেলা নির্বাহী অফিসারদের নির্দেশনা প্রদান করবে (১০ জুলাই- ১৫ , ২০১৯)
- ধর্ম মন্ত্রণালয় ইসলামিক ফাউন্ডেশনের সহায়তায় মসজিদের মওলানাদের মাধ্যমে এ বিষয়ে জনসচেতনতামূলক প্রচারণা চালাবে (জুলাই ২০, ২০১৯ হতে)
- তথ্য মন্ত্রণালয় সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে প্রচারনার কার্যক্রম চালাবে (বিভিন্ন টিভি চ্যানেলে স্পেসিফিক স্লট নিয়ে কার্যক্রম চালাতে হবে) (জুলাই ২০, ২০১৯ হতে)
- স্বরাষ্ট্র মন্ত্রণালয় কোরবানিকালীন নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে জেলা/উপজেলা পর্যায়ে নির্দেশনা প্রদান করবে (জুলাই ২০, ২০১৯ হতে)
- মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় –(১) কোরবানি হাটে স্বাস্থ্যসম্মত উপায়ে মোটা তাজা করণকৃত/ রোগমুক্ত গরুর সরবারহ এবং (২) জেলা উপজেলা পর্যায়ে কসাই প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করার নির্দেশনা প্রদান (জুলাই ২০, ২০১৯ হতে)

মাঠ পর্যায়ে গৃহীতব্য কার্যক্রম ও সময়সূচি

১) সিটি কর্পোরেশন ও পৌরসভা কর্তৃক ২০১৮ সালের কোরবানির অভিজ্ঞতার আলোকে ২০১৯ সালের কোরবানির জন্য উদ্যোগ গ্রহণঃ (জুলাই ২০, ২০১৯ হতে)

৯৮০ ২৮০ ৮/৮/১৯

মন্ত্রিপরিষদ বিভাগ
আইন অধিশাখা

বিষয়: কোরবানির পশু নির্দিষ্ট স্থানে জবেহ্‌করণ ও দ্রুত বর্জ্য অপসারণ নিশ্চিতকল্পে আন্তঃমন্ত্রণালয় সভার প্রতিবেদন সংক্রান্ত।

০৮/০৮/২০১৯

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর-৪৬.০০.০০০০.০৭১.১৮.০৫১.১৭.৯৪১ তারিখ: ০১.০৮.১৯

পবিত্র ঈদ উল আযহা, ২০১৯ পালন উপলক্ষে নির্দিষ্ট স্থানে পশু কোরবানি ও দ্রুত বর্জ্য অপসারণ নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং সকল সিটি কর্পোরেশনের চূড়ান্ত প্রস্তুতি পর্যালোচনার উদ্দেশ্যে গত ০৬ আগস্ট ২০১৯ তারিখ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম-এর সভাপতিত্বে স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগের পক্ষে নির্দেশক্রমে নিম্নস্বাক্ষরকারী সভায় উপস্থিত ছিলেন।

০২। সভায় সড়ক/মহাসড়কে কোনক্রমেই যেন পশুর হাট বসানো না হয় এবং নির্দিষ্ট স্থানে পশু জবেহ্‌করণ ও বর্জ্য অপসারণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সামগ্রিক আলোচনান্তে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয় যা নিম্নরূপ:

- সড়ক/মহাসড়কে কোন অবস্থায় যাতে কোরবানির পশুর হাট না বসে বা পশু বেচা-কেনা না হয় তা নিশ্চিত করতে হবে।
- কোরবানির পশু ক্রয় বিক্রয়ের সময় জাল নোটের ব্যবহার প্রতিহত করতে হবে।
- সারাদেশে নির্দিষ্ট স্থানে কোরবানির পশু জবেহ্ করা নিশ্চিত করতে হবে। কোনক্রমে যাতে উন্মুক্ত স্থানে কিংবা সড়কে পশু জবেহ্ না হয় তা নিশ্চিত করতে হবে।
- নির্দিষ্ট স্থানে পশু জবেহ্‌করণের পর অতি দ্রুততম সময়ে বর্জ্য অপসারণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- পশুর চামড়া যাতে নষ্ট না হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগকে অনুরোধ করা যেতে পারে।

০৭.০৮.২০১৯
(সাহান আরা বানু, এনডিসি)
অতিরিক্ত সচিব (আইন অধিশাখা)

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ।

ইউ ও নোট নম্বর- ০৪.০০.০০০০.৫১০.০২.০৯৯.১৭-০৬ তারিখ: ০৭.০৮.১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০৪৯.১৪.৩৮০

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৬ / ০৮ আগস্ট ২০১৯

বিষয়: **কোরবানির পশু নির্দিষ্ট স্থানে জবেহ্‌করণ ও দ্রুত বর্জ্য অপসারণ নিশ্চিতকল্পে আন্তঃমন্ত্রণালয় সভার প্রতিবেদন সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের আইন অধিশাখার ইউ ও নোট নম্বর: ০৪.০০.০০০০.৫১২.০২.০৯৯.১৭.০৬ তারিখ: ০৭.০৮.১৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৯ পালন উপলক্ষ্যে নির্দিষ্ট স্থানে পশু কোরবানি ও দ্রুত বর্জ্য অপসারণ নিশ্চিতকল্পে গত ০৬.০৮.১৯ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহীত নিম্নোল্লিখিত সিদ্ধান্তসমূহের সঙ্গে মাঠ প্রশাসনের সম্পৃক্ততা রয়েছে।

১. সড়ক/মহাসড়কে কোন অবস্থায় যাতে কোরবানির পশুর হাট না বসে বা পশু বেচা-কেনা না হয় তা নিশ্চিত করতে হবে
২. কোরবানির পশু ক্রয় বিক্রয়ের সময় জাল নোটের ব্যবহার প্রতিহত করতে হবে।
৩. সারাদেশে নির্দিষ্ট স্থানে কোরবানির পশু জবেহ্ করা নিশ্চিত করতে হবে। কোনক্রমে যাতে উন্মুক্ত স্থানে কিংবা সড়কে পশু জবেহ্ না হয় তা নিশ্চিত করতে হবে।
৪. নির্দিষ্ট স্থানে পশু জবেহ্‌করণের পর অতি দ্রুততম সময়ে বর্জ্য অপসারণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৫. পশুর চামড়া যাতে নষ্ট না হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে এক পৃষ্ঠা।

(মোঃ ছাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

০১. বিভাগীয় কমিশনার
... ... (সকল)।
০২. জেলা প্রশাসক
... ... (সকল)।
০৩. উপজেলা নির্বাহী অফিসার
... ...(সকল)।

অনুলিপি:

অতিরিক্ত সচিব, আইন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ